



জনসংযোগ কার্যালয়  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়  
সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ৭৭৯১০৪৫-৫১  
ফ্যাক্স: ০২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu

## প্রেস বিজ্ঞপ্তি

### জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ইউনিভার্সিটি অফ সাইন্স মালয়েশিয়ার সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষরিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৯ অক্টোবর ২০২৪

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ইউনিভার্সিটি অব সাইন্স মালয়েশিয়ার সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষরিত হয়েছে। সমঝোতা স্মারক চুক্তিতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পক্ষে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আবদুর রব এবং ইউনিভার্সিটি অফ সাইন্স মালয়েশিয়ার পক্ষে উপাচার্য অধ্যাপক দাতে সেরি আইআর ড. আবদুল রহমান মোহাম্মদ স্বাক্ষর করেন। আজ বেলা দেড়টায় উপাচার্য কার্যালয়ে এ সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষরিত হয়।

এ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সোহেল আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আবদুর রব, প্রক্টর অধ্যাপক ড. এ. কে. এম. রাশিদুল আলম, পদার্থবিজ্ঞান বিভাগের সভাপতি অধ্যাপক ড. মো. সালাহউদ্দিন এবং অধ্যাপক ড. মোহাম্মদ মাহবুবুর রহমান উপস্থিত ছিলেন। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পক্ষে পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ মাহবুবুর রহমান এবং ইউনিভার্সিটি অব সাইন্স মালয়েশিয়ার পক্ষে ড. চুয়া লি সিয়াং চুক্তির আওতায় বিভিন্ন কার্যক্রমের সম্ভাব্যতা পরীক্ষা ও বাস্তবায়ন করবেন।

সমঝোতা স্মারক চুক্তির আওতায় যৌথ গবেষণা, প্রকাশনা, গবেষণা তহবিলের জন্য আবেদন, অতিথি বক্তৃতা, সেমিনার, সিম্পোজিয়াম, কর্মশালা আয়োজন করা হবে। এছাড়া উভয় বিশ্ববিদ্যালয়ে নিজেদের মধ্যে গবেষক এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষার্থীরা দ্বি-পাক্ষিক শিক্ষা সফর করবেন। উভয় প্রতিষ্ঠান তাদের গবেষণার বিষয়বস্তু হিসেবে চিহ্নিত ক্ষেত্রগুলোতে বৈজ্ঞানিক তথ্য ও উপকরণ বিনিময় করবেন। পাশাপাশি চুক্তির আওতায় পারস্পরিক সম্মতিতে অন্যান্য এ্যাকাডেমিক সহযোগিতা প্রদান করবেন।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান বলেন, একটি বিশ্ববিদ্যালয় তার প্রকৃত লক্ষ্যে পৌঁছানোর জন্য শিক্ষা-গবেষণা গুরুত্বপূর্ণ। পদার্থবিজ্ঞান বিভাগের এই সমঝোতা স্মারক চুক্তির মাধ্যমে শিক্ষক-শিক্ষার্থীরা যৌথ গবেষণার সুযোগ পাবেন এবং শিক্ষার্থীরা ইউনিভার্সিটি অব সাইন্স মালয়েশিয়ায় উচ্চ শিক্ষার সুযোগ পাবেন। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়েও এই চুক্তির মাধ্যমে বিদেশী শিক্ষার্থীরা শিক্ষা-গবেষণার জন্য আসবে। বিশ্ববিদ্যালয় প্রশাসন এই চুক্তি বাস্তবায়নে সর্বাত্মক সহযোগিতা করবে।

ড. মোহাম্মদ মহিউদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)